গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং-২৯.০০.০০০০.২২৬.১৪.০৫২.২৪(অংশ-১) ১৬১ তারিখ: ৩০/১২/২০২৪খ্রি:

**প্রজ্ঞাপন**

**কৃষি ও অন্যান্য যন্ত্রপাতি ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নীতিমালা:**

**১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন:**

(ক) এই নীতিমালা **কৃষি ও অন্যান্য যন্ত্রপাতি ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নীতিমালা-২০২৪'** নামে অভিহিত হইবে;

(খ) ইহা শুধুমাত্র তিন পার্বত্য জেলার জন্য প্রযোজ্য হইবে।

(গ) ইহা ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখ হইতে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা:** বিষয় বা প্রসংগের পরিপন্থি কিছু না থাকিলে এই নীতিমালায়-

(ক) 'জেলা পরিষদ' বলিতে তিন পার্বত্য জেলা পরিষদকে বুঝাইবে;

(খ) 'পার্বত্য জেলা' বলিতে রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলাকে বুঝাইবে;

(গ) 'বোর্ড' বলিতে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডকে বুঝাইব;

(ঘ) 'যথাযথ কর্তৃপক্ষ' বলিতে তিন পার্বত্য জেলার বোর্ড, জেলা পরিষদ এবং আঞ্চলিক পরিষদকে বুঝাইবে;

(ঙ) 'সরকার' বলিতে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়কে বুঝাইবে।

**৩। আওতাভুক্ত যন্ত্রপাতিঃ**

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/জেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন এবং বাস্তবায়িতব্য প্রকল্পের/স্কিমের আওতায় ক্রয়কৃত কৃষি উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, প্যাকেজিং সংশ্লিষ্ট সকল যন্ত্রপাতি ইহার অন্তর্ভূক্ত হইবে।

**৪। উপযুক্ত কৃষক/উপকারভোগীঃ**

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/জেলা পরিষদ কর্তক গৃহীত প্রকল্প/কর্মসূচী/স্কীম এর আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত/তালিকাভুক্ত সকল চাষী/উদ্যোক্তা উপকারভোগী হিসেবে বিবেচিত হইবেন।

**৫। সমিতি ও উপদেষ্টা পরিষদ গঠন:**

(ক) প্রত্যেক নির্দিষ্ট এলাকায় একটি করিয়া সমিতি গঠন করতে হইবে।

(খ) অনুচ্ছেদ ৫(ক)-তে বর্ণিত সমিতির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একটি করিয়া কার্যকর কমিটি থাকিবে, যাহার গঠন হইবে নিম্নরুপ:

(১) সভাপতি : ০১জন

(২) সাধারন সম্পাদক : ০১জন



Scanned with CamScanner

(৩) কোষাধ্যক্ষ : ০১জন

(৪) সাধারণ সদস্য : ০৮জন

(গ) অনুচ্ছেদ ৫(খ)-তে বর্ণিত প্রতিটি কমিটির বিপরীতে একটি করিয়া উপদেষ্টা কমিটি কমিটি থাকিবে যাহার গঠন হইবে নিম্নরূপ:

(১) স্থানীয় জনপ্রতিনিধি : ০১জন

(২) উপ-সহকারী কৃষি কর্মকর্তা : ০১জন

(৩) বোর্ড/পরিষদের উপ-সহকারী প্রকৌশলী : ০১জন

(৪) সংশ্লিষ্ট এলাকার কারবারী : ০১জন

(ঘ) সাধারণ সদস্যদের ভোটের মাধ্যম এই কার্যকরী কমিটি গঠিত হইবে; নির্বাচনের বিষয়ে সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করিবে।

(ঙ) সমিতি ও উপদেষ্টা পরিষদের মেয়াদ হইবে ০২(দুই) বছর।

(চ) সমিতির সদস্যগণ দুই বারের বেশী দায়িত্ব পালন করিতে পারিবেন না।

(ছ) যন্ত্রপাতি ব্যবহারে আগ্রহী কৃষকগণ সমিতির মাধ্যমে যন্ত্রপাতি ব্যবহারের আবেদন করিতে হইবে।

**৬। সমিতির অনুকূলে যন্ত্রপাতি হস্তান্তর ও মালিকানাঃ**

(ক) যন্ত্রপাতিসমূহ সমিতির সকল সদস্যের সার্বিক কল্যাণার্থে, ব্যবহারবিধি অনুসরণে সযত্নে ও যথাযথভাবে ব্যবহার এবং এ নীতিমালা আবশ্যিকভাবে প্রতিপালন করা হইবে মর্মে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/সংশ্লিষ্ট জেলা পরিষদের সাথে সমিতির সভাপতির ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদন করিতে হইবে।

(খ) সম্পাদিত চুক্তিনামায় বর্ণিত শর্তাবলি সমিতি যথাযথভাবে অনুসরণ করিতে বাধ্য থাকিবেন।

(গ) চুক্তিতে গঠিত কমিটি প্রথম পক্ষ এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/জেলা পরিষদ ২য় পক্ষ হিসেবে চুক্তিপত্রে স্বাক্ষর করিবেন।

(ঘ) চুক্তি সম্পাদনের পর সকল সম্পত্তি (যাবতীয় কৃষি যন্ত্রপাতি) সমিতির অনুকূলে যথা সময়ে হস্তান্তর করিতে হইবে।

(ঙ) সমিতির মাধ্যমে প্রাপ্ত সম্পত্তি যৌথ সম্পত্তি হিসাবে পরিগণিত হইবে।

(চ) সমিতি পরিচালনার দায়িত্বপ্রাপ্ত কার্যকরী কমিটি কিংবা সাধারণ সদস্য উল্লিখিত যন্ত্রপাতি ব্যক্তিগত সম্পদ হিসেবে দাবী করিতে পারিবেন না।

**৭। যন্ত্রপাতি পরিচালনা/ব্যবহারঃ**

(ক) যন্ত্রপাতিসমূহ সংরক্ষণের উদ্দেশে সেমিপাকা ঘর নির্মাণের জন্য জমির মালিক কর্তৃক জমি ব্যবহারের অনুমতি দেয়া হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদান করিতে হইবে।

(খ) সমিতির সকল সদস্যের, প্রয়োজনীয়তার নিরিখে, সমভাবে ব্যবহারের জন্য সমিতির কার্যকরী কমিটিকে উদ্যোগ গ্রহণ করিতে হইবে।

(গ) তবে, জমির অবস্থা, বিধবা, স্বামী পরিত্যাক্তা মহিলা এবং নিঃসন্তান বৃদ্ধ সদস্যকে যন্ত্রপাতিসমূহ ব্যবহারে অগ্রাধিকার প্রদান করিতে হইবে।

(ঘ) সমিতির কার্যকরী কমিটি প্রাপ্ত যন্ত্রপাতি, সম্পত্তি ব্যবহার ও আয়-ব্যয়ের সাথে সংশ্লিষ্ট সকল রেজিস্টার সংরক্ষণ করিবেন।

**৮। অপারেশনাল ব্যয়, রক্ষণাবেক্ষণ/মেরামত এবং নিরাপত্তা নিশ্চিতকরণঃ**



Scanned with CamScanner

(ক) প্রাপ্ত কৃষি যন্ত্রপাতিসমূহের পরিবহণ ও বিদ্যুৎ/জ্বালানি ব্যয় (প্রযোজ্য ক্ষেত্রে), সার্বিক রক্ষণাবেক্ষণ/সংযোজন/মেরামত ব্যয় এবং নিরাপত্তা সংশ্লিষ্ট ব্যয় সমিতিকেই বহন করিতে হইবে। এক্ষেত্রে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড হইতে কোনো প্রকার বরাদ্দ প্রদান করা হইবে না।

(খ) অসাবধানতাবশত ব্যবহারের দরুণ কোন যন্ত্রপাতির ক্ষতি সাধিত হইলে বা চুরি হইলে বা সমিতি ব্যতিত অন্য কাহারও মালিকানায় পাওয়া গেলে কিংবা অব্যবহৃত অবস্থায় থাকিলে বোর্ড/পরিষদ আইনগত পদক্ষেপ গ্রহণ করিবেন।

**৯। সমিতির প্রতিবেদনঃ**

সমিতির মাধ্যমে প্রাপ্ত কৃষি যন্ত্রপাতি ব্যবহার এবং আয়-ব্যয়ের বিষয়ে ছক মোতাবেক নিয়মিত ত্রৈমাসিক প্রতিবেদন পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/জেলা পরিষদের সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে।

**১০। যন্ত্রপাতি ফেরত প্রদানঃ**

সমিতির মেয়াদান্তে, সমিতি অকার্যকর কিংবা সদস্যগণের মতামতের ভিত্তিতে সমিতির বিলুপ্তির সিদ্ধান্ত গৃহীত হইলে, সমিতি বিলুপ্তি/কমিটির মেয়াদ সমাপ্তির এক সপ্তাহের মধ্যে উক্ত সমিতির অনুকূলে প্রদানকৃত সকল অস্থাবর সম্পত্তি (যন্ত্রপাতিসমূহ) নতুন কমিটির নিকট হস্তান্তর করিতে হইবে; তবে বিলুপ্তির ক্ষেত্রে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের/জেলা পরিষদের নিকট যন্ত্রপাতিসমূহ হস্তান্তর করিতে হইবে।

**১১। পরিদর্শন ও মনিটরিং:**

প্রকল্প চলাকালীন সংশ্লিষ্ট এলাকায় দায়িত্বপ্রাপ্ত প্রকল্পের মাঠ সংগঠক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং প্রকল্প শেষে বোর্ডের উপ-সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলীগণ উক্ত সমিতির কার্যক্রম ও বিতরণকৃত যন্ত্রপাতিসমূহ যথাযথভাবে ব্যবহারের বিষয়টি পরিদর্শন ও মনিটরিং করিয়া প্রকল্প চলাকালীন প্রকল্প পরিচালক এবং প্রকল্প শেষে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/জেলা পরিষদের চেয়ারম্যানের নিকট প্রতিবেদন দাখিল করিবেন।

**১২। বিবিধ:**

(ক) আপাতত বলবৎ যাই থাকুক না কেন এই নীতিমালা প্রাধান্য পাইবে।

(খ) সরকার প্রয়োজনবোধে বাস্তব পরিস্থিতিতে কোন সমস্যার উদ্ভব/সৃষ্টি হইলে বা নীতিমালা পরিবর্তন/পরিবর্ধন/ পরিমার্জনের প্রয়োজনীয়তা থাকিলে তা পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে করা যাইবে।

স্বাক্ষরিত/-
৩১/১২/২০২৪
(এ কে এম শামিমুল হক ছিদ্দিকী)
সচিব

নম্বর- ২৯.০০.০০০০.২২৫.০৬.০০৭.২৩-

তারিখ: ১৮ পৌষ ১৪৩১ / ০২ জানুয়ারি, ২০২৫

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
২. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আ: উপসচিব, বাজেট-১৮)।
৪. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।



Scanned with CamScanner

৫. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৬. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৭. সদস্য, কার্যক্রম বিভাগ, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭ ।
৮. সদস্য, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৯. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
১০. সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
১১. চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
১২. অতিরিক্ত সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. যুগ্মসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান।
১৫. চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি।
১৬. চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
১৭. ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৮. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
১৯. উপসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. পরিচালক, পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স, বেইলী রোড, ঢাকা।
২১. উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশন অফিস তেজগাও, ঢাকা-১২০৮ (তাকে জারিকৃত প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশের অনুরোধ করা হলো)
২২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কমপ্লেক্স নির্মাণ (বিশেষ সংশোধিত)' শীর্ষক প্রকল্প।
২৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২৬. মুখ্য নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
২৭. মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ।
২৮. মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।
২৯. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে কফি ও কাজুবাদাম চাষের মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ' শীর্ষক প্রকল্প ও সদস্য, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
৩১. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র বিমোচন' শীর্ষক প্রকল্প ও সদস্য, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
৩২. নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
৩৩. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম এলাকায় সুগারক্রপ চাষাবাদ জোরদার করণ' শীর্ষক প্রকল্প ও সদস্য, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
৩৪. প্রকল্প পরিচালক, 'খাগড়াছড়ি জেলার বাজারসমূহ ও নিকটবর্তী এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাকরণ' শীর্ষক প্রকল্প ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
৩৫. প্রকল্প পরিচালক, 'সৌরশক্তি চালিত নলকূল স্থাপনের মাধ্যমে রাঙ্গামাটি পার্বত্য জেলায় বিদ্যুৎবিহীন এলাকায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন' শীর্ষক প্রকল্প ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
৩৬. নির্বাহী প্রকৌশলী, রাংগামাটি/বান্দরবান/খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
৩৭. নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান/রাঙ্গামাটি/খাগড়াছড়ি ইউনিট।
৩৮. প্রকল্প পরিচালক, 'বান্দরবান জেলার রোয়াংছড়ি উপজেলার সদর হতে রুমা উপজেলা পর্যন্ত পল্লী সড়ক নির্মাণ' শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান।
৩৯. প্রকল্প পরিচালক, 'বান্দরবান পার্বত্য জেলায় বোর্ড কর্তৃক নির্মিত পল্লী সড়ক উন্নয়ন' শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান।
৪০. প্রকল্প পরিচালক, "বান্দরবান পার্বত্য জেলার বান্দরবান পৌরসভা ও লামা পৌরসভার জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে পানি ব্যবস্থার উন্নয়নের জন্য সাষ্টার ডেইন নির্মাণ" শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড,



Scanned with CamScanner

বান্দরবান।

৪১. প্রকল্প পরিচালক, 'রাংগামাটি পার্বত্য জেলায় কৃষি উন্নয়নের লক্ষ্যে সেচ অবকাঠামো নির্মাণ" শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।

৪২. প্রকল্প পরিচালক, 'রাঙ্গামাটি পার্বত্য জেলার যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে প্রত্যন্ত সংযোগ সড়কসহ আরসিসি গার্ডার ব্রিজ নির্মাণ' শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।

৪৩. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাংগামাটি পার্বত্য জেলা।

৪৪. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বান্দরবান পার্বত্য জেলা।

৪৫. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

৪৬. প্রকল্প পরিচালক, 'Climate Resilient Livelihoods Improvement and Watershed Management in the Chittagong Hill Tracts (CRLIWM-CHT)' শীর্ষক প্রকল্প (আঞ্চলিক পরিষদ অংশ), পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি ।

৪৭. প্রকল্প পরিচালক, 'Climate Resilient Livelihoods Improvement and Watershed Management in the Chittagong Hill Tracts (CRLIWM-CHT)' শীর্ষক প্রকল্প (এলজিইডি অংশ) আগারগাও, ঢাকা।

৪৮. প্রকল্প পরিচালক, 'বান্দরবান জেলার উপজেলাগুলোতে বিভিন্ন প্রযুক্তির মাধ্যমে সুপেয় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাকরণ', পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান।

৪৯. প্রকল্প ব্যবস্থাপক, "টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প", পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।

৫০. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাঁকে সভার প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ।

৩১.১২.২০২৪

(ডা. মো: গোলাম কবির)
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৭১১৮
ই-মেইল: dsplanning2@mochta.gov.bd